# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: ১ ২ ৪

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান: ৫০

*[দ্রষ্টব্য: ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং ৭ ও ৮ নং প্রশ্ন বাধ্যতামূলক। 'ক' ও 'খ' গুচ্ছের প্রতিটি থেকে কমপক্ষে একটি প্রশ্নসহ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। সর্বমোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেকটি প্রশ্নের মান ১০।]*

**১.▶ দৃশ্যকল্প-১:** মি. জন কুমির নিয়ে গবেষণা করতে চান। তিনি দেখতে চান, কুমিররা দিনের কতটা সময় পানিতে থাকে আর কতটা সময় ডাঙ্গায় থাকে এজন্য তিনি তার প্রয়োজনীয় জিনিষপত্র নিয়ে নদীর পাশে একটি বনে উপস্থিত হলেন।

**দৃশ্যকল্প-২:** মি. রবার্ট রীমা ও সীমাকে নিয়ে গবেষণাগারে আসলেন। তিনি দেখতে চান, শব্দযুক্ত পরিবেশ ও শব্দহীন পরিবেশ তাদের শিক্ষণে কোন প্রভাব বিস্তার করে কিনা? এজন্য তিনি রীমাকে পরীক্ষণ দলে ও সীমাকে নিয়ন্ত্রিত দলে রেখে গবেষণা শুরু করলেন।


ক. সমস্যা কী? ১

খ. প্রকল্পে স্ববিরোধিতা থাকবে না কেন? ২

গ. মি. জন তার গবেষণার জন্য যে পদ্ধতি ব্যবহার করবেন তা বর্ণনা কর। ৩

ঘ. মি. রবার্ট কোন পদ্ধতি গবেষণা করবেন? মি. জনের গবেষণা পদ্ধতির সাথে কোন পার্থক্য আছে কি? মতামত ব্যক্ত কর। ৪

**২.▶ দৃশ্যকল্প-১:**




Teachingbd24.com

ক. Wood-Worth & Marquis-এর প্রদত্ত ব্যক্তিত্বের সংলক্ষণ এর সংজ্ঞা দাও। ১

খ. ব্যক্তিত্বকে প্রধানত কয়টি দৃষ্টিভঙ্গিতে ভাগ করা হয়েছে? সেগুলো কী কী? ২

গ. দৃশ্যকল্প-১ এর খ ব্যক্তিত্ব সংলক্ষণগুলো আলোচনা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর ক ও খ ব্যক্তিত্ব সংলক্ষণগুলো বিশ্লেষণ কর এবং এই মতবাদের কোন ত্রুটি আছে বলে কি তুমি মনে কর। ৪

**৩.▶** মনোবিজ্ঞানের শিক্ষক ক্লাসে ছাত্রছাত্রীদের বুদ্ধি অধ্যায় পড়াতে গিয়ে বললেন যে, বুদ্ধ পরিমাপের অনেক অভীক্ষা আছে, তার মধ্যে একটি অভীক্ষা হচ্ছে একই অভীক্ষা যার মধ্যে ১১টি উপ-অভীক্ষা রয়েছে এবং এই উপ-অভীক্ষাগুলোকে ২টি মানকে ভাগ করা যায়। এতে সুবিধা হচ্ছে যে, শিক্ষিত এবং অশিক্ষিত কিংবা ভিন্ন ভাষার সকল ব্যক্তিদের বুদ্ধি পরিমাপ করা সম্ভব। এর ভিত্তিতে ১ জন প্রখ্যাত মনোবিজ্ঞানী ১৯৩৯ সালে নিউইয়র্কের বেলেভিউ হাসপাতালে এই বুদ্ধি অভীক্ষাটি প্রণয়ন করেন। অভীক্ষাটি থেকে প্রাপ্ত বুদ্ধ্যঙ্ককে এর আদর্শায়িত মানের সাথে তুলনা করে কোনো ব্যক্তির বুদ্ধির বর্ণনা করা যেতে পারে।

ক. মানসিক প্রতিবন্ধী কাকে বলে? ১

খ. ব্যক্তিতে ব্যক্তিতে বুদ্ধির পার্থক্য হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত অভীক্ষাটির বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. অধ্যায়ের উল্লিখিত অভীক্ষাটির উল্লেখ করে ২টি অংশের পার্থক্য বিশ্লেষণ কর। ৪

**৪.▶** উদ্দীপক-১ বাঙালি ছেলে রাসেল পড়াশুনা করার জন্য America গেছে। সহপাঠী লিয়ানা একজন American তার সাথে ঘণিষ্ঠ সম্পর্ক গড়ে উঠে এবং শেষ পর্যন্ত তারা দুজনে বিবাহ বন্ধনে আবদ্ধ হয় এবং পড়াশুনা শেষ করে বাংলাদেশে ফিরে আসে। অল্প কিছুদিনের মধ্যে এই বিদেশি মেয়ে নতুন মূল্যবোধ, আচার-আচরণ এমন কি নতুন মাটি, জলবায়ু আবহাওয়ার সাথে নিজেকে একাত্ম করে নেয় এবং সবার সঙ্গে মিলেমিশে সুখে সংসার করে।

উদ্দীপক-২ রাসেলের বন্ধু শিহাব একজন শিক্ষিত ছেলে হওয়া সত্ত্বেও বন্ধুর স্ত্রী বিদেশি মেয়েটির পিছু নেয়। তাকে বিভিন্ন ফোন নম্বর থেকে ফোন করে কুরুচিপূর্ণ মেসেজ পাঠায় অশালীন গানবাজায় তার সাথে বাইরে বেড়াতে যাবার আহ্বান জানায়।

Teachingbd24.com

ক. প্রথা বিরোধীতা বলতে কী বোঝ? ১

খ. ডবু, জুনি ও কোয়াকিটল এই ৩ আদিম সমাজের আদর্শগুলো কী ছিল? ২

গ. বিদেশি মেয়ে লিয়ানা কিভাবে নিজেকে নতুন পরিবেশ একাত্ম করে দেয়? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. শিহাবের আচরণ লিয়ানার ওপর কী ধরনের প্রভাব ফেলে বলে তুমি মনে কর। মতের পক্ষে তোমার যুক্তি দেখাও। ৪

**৫.** ▶ উদ্দীপক- ক: ১২, ৮, ৮, ৬, ৯, ২০, ২৫, ২৮, ২৬, ৩০, ১০, ৭, ২০, ১৪, ১৫, ১৮

উদ্দীপক- খ: ১৫, ১০, ১৩, ৮, ২০, ২৫, ১৮, ২১, ২৪, ১৬

ক. বিস্তারমান বা ভেদাংকের সংজ্ঞা দাও। ১

খ. পরিসরকে কেন বিচ্যুতি পরিমাপের অংক বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. 'ক' উদ্দীপকের উপাত্ত থেকে চতুর্থাশীয় বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. 'খ' উদ্দীপকের উপাত্ত থেকে আদর্শ বিচ্যুতি নির্ণয় কর এবং এগুলোর মধ্যে কোন অংকটি বেশি সুবিধাজনক এবং বিশে ব্যবহারযোগ্য বলে তোমার মনে হয় যুক্তি দেখাও। ৪

**৬.** ▶ মিনা ও রীনা ২ জনই বাসা বাড়ীতে ঠিক কাজ করে। প্রতিদিন একই সাথে কাজে যায়। পান খাওয়ার ব্যাপারে মীনার মনোভাব নেতিবাচক। একদিন রীনা মিনাকে বুঝাতে চাইলো পান খাওয়া স্বাস্থ্যের জন্য ক্ষতিকর এবং এর থেকে ক্যান্সার নামক মারাত্মক রোগও হওয়ার সম্ভাবনা থাকে। অন্যদিকে মীনার যেহেতু পান খাওয়ার নেশা আছে এবং পান খাওয়া থেকে সে বিরত থাকতে পারবে না। তাই সে পান খাওয়ার পক্ষে অনেক যুক্তি দেখিয়ে বললো পান খেলে শরীর সতেজ থাকে এবং শরীরে শক্তি যোগায় যা কাজ করতে আনন্দ দেয়। বড়লোক বাড়ীতে মীনা কাজ করে ঐ বাড়ীর খালাম্মা ও অনেক মসলা, জরদা দিয়ে মজা করে পান খায়। রীনা যখন মীনাকে পান খাওয়া থেকে বিরত করতে পারলো না, তখন সে নিজে নিজে সিদ্ধান্ত নিল যে মীনাকে এখন থেকে সে এড়িয়ে চলবে একসাথে আর কাজেও যাবে না।

ক. ভারসাম্য মতবাদে P.O.X প্রতীক দিয়ে কী বোঝায়? ১

খ. ফেস্টিংয়ের মতে অবহিতির সামঞ্জস্যহীনতা যত বেশি হয় চাপও তত বাড়ে। তাঁর মতে এ চাপ কয়টি বিষয়ের ওপর নির্ভর করে এবং কী কী? ২


Teachingbd24.com

https://teachingbd24.com

গ. পান খাওয়ার ব্যাপারে মীনার মনোভাব গঠনে কোন কোন উপাদান কাজ করছে বর্ণনা কর। ৩

ঘ. মনোভাব ও মতামত যে এক নয় তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭.▶ উদ্দীপক-ক




পরীক্ষার প্রস্তুতির জন্য কয়েকজন বান্ধবী মিলে গ্রুপ স্টাডি করবে সিদ্ধান্ত নিয়েছিল ছন্দা। হঠাৎ দুপুর বেলা থেকে প্রচণ্ড ডায়রিয়া শুরু হওয়ায় অসুস্থ হয়ে পড়ে ছন্দা এবং এতে সে ভীষণভাবে ভেঙ্গে পড়ে এবং ভাবতে থাকে তার আসন্ন পরীক্ষায় আশানুরূপ ফলাফল করতে পারবে না।

ক. আত্মরক্ষামূলক কৌশলের কথা প্রথম কে বলেছেন? ১

খ. প্রধানত ব্যক্তির কয়টি অবস্থাকে বোঝার জন্য কর্মভাব শব্দটি ব্যবহার করা হয়েছে সেগুলো কী কী? ২

গ. ক উদ্দীপকে কোন ধরনের দ্বন্দ্বের ইঙ্গিত রয়েছে উদাহরণসহ ব্যাখ্যা কর।৩

ঘ. ছন্দার মানসিক অবস। তার পেছনে যা কাজ তার ২টি উৎস বর্ণনা কর এবং এ থেকে সৃষ্ট চাপ নিরসনে কোন পন্থাটি উপযুক্ত বলে তুমি মনে কর। ৪

৮.▶ একটি শিশু জন্মগ্রহণ করার পর বিভিন্ন প্রক্রিয়ার মধ্য দিয়ে জীবনের বিভিন্ন গুরুত্বপূর্ণ ধাপগুলো অতিক্রম করতে শেখে। যা ভবিষ্যৎ শিশুটিকে তার নৈতিক আচরণগুলো গ্রহণ করতে সাহায্য করে। এ ধরনের বিশ্বাসই কোন ব্যক্তিকে আদর্শবান হিসেবে গড়ে তোলে?

ক. মূল্যবোধের সংজ্ঞা দাও। ১

খ. সমাজ বিজ্ঞানী Edward Spranger কেন মানুষের মূল্যবোধগুলোকে ৬ ভাগে ভাগ করেছেন? এবং সেগুলো কী কী? ২

গ. উদ্দীপকের আলোকে মূল্যবোধ গঠনের বিভিন্ন প্রক্রিয়া বা মাধ্যমগুলো কী কী? সংক্ষেপে আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে শিশুর অর্জিত মূল্যবোধ কিভাবে আচরণকে প্রভাবিত করে বলে তুমি মনে কর। বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

বিষয় কোড : | ১ | ২ | ৪ |

সময়-২৫ মিনিট

**বহুনির্বাচনি অভীক্ষা**

পূর্ণমান: ২৫

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও:**

মিনা নিয়মিতভাবে পান খায়। একদিন সে জানতে পারল যে পান খেলে Cancer হয়। খবরটা শুনার পর পান খাওয়ার ক্ষেত্রে জরদা ও খয়ের ছাড়া পান খায়।

**১. মিনা এই ক্ষেত্রে কোনটির পরিবর্তন সাধন করেছে?**
- ⓚ নতুন অবহিতির সংযোজন
- ⓚ আচরণগত অবহিতির
- ⓖ পরিবেশগত অবহিতির
- ⓖ অভ্যাসগত অবহিতির

**২. অবিহিতির কাঠামো উপাদানসমূহের মধ্যে সামঞ্জস্যহীনতা কয়টি উপায়ে হ্রাস করা যায়?**
- (ক) ২টি (খ) ৩টি
- (গ) ৪টি (ঘ) ৫টি

**৩. কোন ব্যক্তি অন্য কোন ব্যক্তি বা বস্তুর প্রতি ক্ষতি বা ধ্বংস করার জন্য যে আচরণ সম্পন্ন করে, তাকে আগ্রাসন হিসাবে সংজ্ঞায়িত করা যায়।"**
- (ক) J.C. Ruch
- (খ) Crider ও তার সঙ্গীরা
- (গ) Ruth Benedict
- (ঘ) Woodworth and Marquis


**৪. আগ্রাসনের উৎসগুলো কি কি?**


i. আগ্রাসী নোদনা
ii. সামাজিক সামঞ্জস্যতা প্রক্রিয়া
iii. জন্মগত প্রবৃত্তি


**নিচের কোনটি সঠিক?**
- (ক) i ও ii (খ) i ও iii
- (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৫. কর্মস্থল ও শিক্ষা প্রতিষ্ঠান নারী ও শিশুদের যৌন হয়রানির প্রতিরোধে হাইকোর্ট বিভাগ একটি নীতিমালা প্রদান করেন-**
- (ক) ২০০৮ সালের ৭ আগস্ট
- (খ) ১৪ মে ২০০৯ সাল
- (গ) ২০০৯ সালের ৭ মে
- (ঘ) ২০০৭ সালের ২০ জুন

**৬. পাশাপাশি কোন চিত্রগুলো ভারসাম্যপূর্ণ ভারসাম্যহীন অবস্থাকে বুঝায়-**

i. 


ii. 


iii. 


**নিচের কোনটি সঠিক?**
- (ক) i ও ii (খ) i ও iii
- (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৭. $\sum|X-\bar{X}| =$ ৯০ N= ১০ গড় ব্যবধান কত?**
- (ক) ৯ (খ) ৯০
- (গ) ১৯ (ঘ) ৮

**৮. কোন ক্ষেত্রগুলোতে চতুর্থাংশীয় বিচ্যুতি লক্ষ করা যায়?**

i. খোলা বা উন্মুক্ত নিবেশনে এর প্রয়োগ লক্ষ্য করা যায়
ii. বাণিজ্য চক্রের উত্তান পতন সম্পর্কিত ধারণা লাভের জন্য ব্যবহার করা হয়
iii. প্রান্তিকত, অস্বাভঅবিক ছোট বা বড় মানের প্রভাব দূর করে বিচ্যুতি পরিমাপের জন্য ব্যবহার করা হয়

**নিচের কোনটি সঠিক?**
- (ক) i ও ii (খ) i ও iii
- (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৯. ফ্রয়েডের মতে কোন বয়স পর্যন্ত সময়কে পায়ু পর্যায় বলা হয়?**
- (ক) ১৮ মাস বয়স থেকে ১ বছর বয়স পর্যন্ত
- (খ) ১৮ মাস বয়স থেকে ২$\frac{১}{২}$ বছর বয়স পর্যন্ত
- (গ) ১৮ মাস বয়স থেকে ৩/৪ বছর বয়স পর্যন্ত
- (ঘ) ১৮ মাস বয়স থেকে ৫ বছর বয়স পর্যন্ত

**১০. সমান দূরত্ব বিশিষ্ট মানক কে তেরি করে?**

i. থার্স্টোন ii. লিকার্ট
iii. সেভ

**নিচের কোনটি সঠিক?**
- (ক) i ও ii (খ) i ও iii
- (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**

একজন বিধবা মহিলা তার শিশু কন্যাকে নিয়ে একা থাকেন। একদিন রাতের বেলায় বাড়ির বাইরে থেকে কেউ বা কাহারা তাকে ভয় দেখায়, তিনি সঙ্গে সঙ্গে এলাকার পুলিশ স্টেশন যোগাযোগ করেন। পুলিশ এসে সব কিছু শুনে ঐ মুহূর্তের নিরাপত্তার ব্যবস্থা করলেন এবং পরবর্তী নিরাপত্তার জন্য কী কী করণীয় বুঝিয়ে দিলেন। পুলিশ গেলেন। পুলিশের এই আচরণ ভদ্র মহিলার তীব্র মনোভাব জাগিয়ে তুললো।

Teachingbd24.com

১১. মনোভাব গঠনে কোন শর্তটি ভদ্র মহিলার ক্ষেত্রে কাজ করেছে?
ⓚ সমিতি　ⓚ ব্যক্তিত্ব

(ক) সমিতি　(খ) ব্যক্তিত্ব
(গ) পরিবার　(ঘ) চাহিদা পূরণ

১২. পুলিশের প্রতি ভদ্র মহিলার কোন ধরনের উপাদান কাজ করেছে?
i. অবিহিত মূলক　ii. অনুভূতিমূলক
iii. ক্রিয়ামূলক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:
ব্যক্তি প্রত্যক্ষণের ক্ষেত্রে বিশেষভাবে কাজ করে। কোন শনাক্তকারী দলের মনোভাব ও বিশ্বাসকে সাধারণভাবে প্রভাবিত করে। অর্থাৎ কোন ব্যক্তি সম্পর্কে কত কম তথ্য নির্ভর ও অবিশ্বাস্য রকমের সংক্ষিপ্ত ধারণা।

১৩. উদ্দীপকে কোন বিষয়টি নিয়ে আলোচনা করা হয়েছে?
(ক) পূর্ব সংস্কার　(খ) বদ্ধমূল ধারণা
(গ) আগ্রাসন　(ঘ) সামাজিকরণ

১৪. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির বৈশিষ্ট্য কোনগুলো?
i. শ্রেণিভুক্তকরণ
ii. গুণাবলি আরোপে মতৈক্য
iii. প্রকৃত ও আরোপিত গুণাবলির মধ্যে পার্থক্য
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

১৫. অবিহিতির সামঞ্জস্যহীনতার সৃষ্টি হলে তা কয়টি উপায়ে হ্রাস করা যায়?
(ক) ৫টি　(খ) ৭টি
(গ) ৩টি　(ঘ) ৪টি

১৬. দানাবাঁধা বুদ্ধি হল
(ক) নতুন পরিবেশকে মূল্যায়ন করা
(খ) জন্মসূত্রে পাওয়া প্রাপ্ত উপাদান
(গ) বংশগতসূত্রে প্রাপ্ত নির্দিষ্ট বৃত্তিমূলক দক্ষতা
(ঘ) নতুন জ্ঞানের জন্য পুরানো জ্ঞানের মূল্যায়ন

১৭. বুদ্ধি প্রতিবন্ধিতার জন্য প্রতিরোধমূলক ব্যবস্থাগুলো হচ্ছে-
i. গর্ভাবস্থায় মায়ের ওপর মানসিক নির্যাতন না করা
ii. মায়ের গর্ভকালীন সময়ে পুষ্টিকর খাদ্যের ব্যবস্থা না করা
iii. রুবেলা, হাম, সিফিলিস রোগে আক্রান্ত হলে দ্রুত চিকিৎসার ব্যবস্থা করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

১৮. C.T. Morgan ও H.R.Murray ব্যক্তিত্বের কোন অভীক্ষা সর্বপ্রথম প্রণয়ন করেন
(ক) কাহিনী সংপ্রত্যক্ষণ
(খ) পরিস্থিতি মূলক অভীক্ষা
(গ) কালির ছাপ অভীক্ষা
(ঘ) ব্যক্তিত্ব প্রশ্নমালা অভীক্ষা

১৯. Army Alpha কোন ধরনের বুদ্ধি অভীক্ষা?
i. ভাষা ভিত্তিক বুদ্ধি অভীক্ষা
ii. ভাষাবর্জিত বুদ্ধি অভীক্ষা
iii. দলগত ও বুদ্ধি অভীক্ষা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

২০. 40, 22, 60, 30, 45, 66, 70, 55 এই উপাত্তগুলোর মধ্যে তৃতীয় চতুর্থক কোনটি?
(ক) 40　(খ) 50
(গ) 60　(ঘ) 70

Mrs. Rubina দেখতে চান, কোন আলোর প্রতিক্রিয়া কাল কম। এ জন্য তিনি বিভিন্ন বর্ণের আলো (লাল, সবুজ, নীল, বেগুনি) উপস্থাপন করলেন। আলো উপস্থাপনে সাথে সাথে পরীক্ষণ পাত্র প্রতিক্রিয়া করবে।

২১. আলো উপস্থাপন কোন ধরনের চল?
(ক) নির্ভরশীল　(খ) অনির্ভরশীল
(গ) মধ্যবর্তী　(ঘ) বাহ্যিক

২২. পরীক্ষণ পাত্রের প্রতিক্রিয়া যে চল তার বৈশিষ্ট্য হলে
i. পরীক্ষক এর হ্রাস বৃদ্ধি করতে পারেন
ii. অন্য চল কর্তৃক সৃষ্ট
iii. পরীক্ষণ পাত্রের সকল প্রকার আচরণের অন্তর্ভুক্ত
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

২৩. ব্যক্তিতে বুদ্ধির পার্থক্যের জন্য দায়ী
i. বংশগতি　ii. পরিবেশ
iii. দক্ষতার অভাব
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

২৪. গোলগাল ও মেদবহুল দেহের অধিকারী ব্যক্তিরা কোন শ্রেণির অন্তর্ভুক্ত?
(ক) এ্যাসথেনিক　(খ) অ্যাথলেটিক
(গ) পিকনিক　(ঘ) এনডোমরফি

২৫. মনোভাবের বাচনিক প্রকাশ হলো-
(ক) অবহিতি　(খ) পূর্ব-সংস্কার
(গ) মতামত　(ঘ) অনুকরণ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | গ | ৪ | খ | ৫ | খ | ৬ | গ | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | গ | ২১ | খ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | গ | | | | | | | | | | |

teachingbd24.com

https://teachingbd24.com